



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
বিদেশি মুদ্রা বিভাগ
কেন্দ্রীয় অফিস
মুম্বই - ৪০০ ০০১

আরবিআই/২০১১-১২/৫৩৭

এ. পি. (ডিআইআর সিরিজ) সার্কুলার নং ১১৮

মে ০৭, ২০১২

প্রতি

সমস্ত বিদেশি মুদ্রা-র প্রাধিকৃত ডিলারগণ

মহাশয়া / মহাশয়,

বিবিধ অর্থপ্রেরণের জন্য বিদেশি মুদ্রা ছাড়া

বিদেশি মুদ্রা-র প্রাধিকৃত ডিলারদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে সেপ্টেম্বর ১২, ২০০২ তারিখের এ.পি.(ডিআইআর সিরিজ) সার্কুলার নং ১৬-এর প্রতি যদ্বারা প্রাধিকৃত ডিলারদের বলা হচ্ছে আবেদনকারীর একটি সাধারণ চিঠি, যাতে মূল তথ্যাদি, যেমন আবেদনকারী ও উপকৃতের নাম, ঠিকানা, অর্থপ্রেরণের পরিমাণ, অর্থপ্রেরণের উদ্দেশ্য দেওয়া আছে তার ভিত্তিতে সমস্ত অনুমোদিত লেনদেলের জন্য ইউএস ডলার ৫০০ অথবা সমমূল্যের অর্থ ছাড়ার জন্য। সার্কুলারে স্পষ্ট করে বলা হয়েছে যে এই ধরনের উপলক্ষে প্রাধিকৃত ডিলাররা যেন এ২ ফর্ম জমা দেওয়ার উপর জোর না দেন। ডিসেম্বর ২৩, ২০০৩ তারিখের এ. পি. (ডিআইআর সিরিজ) সার্কুলার নং ৫৫-এর ভিত্তিতে অর্থের পরিমাণ বৃদ্ধি করে ইউএস ডলার ৫০০০ করা হয়েছে।

২. প্রামাণিক তথ্যাদি উপস্থিত করার অবশ্যপূর্ণীয় শর্তাদি আরও উদার করার উদ্দেশ্যে প্রামাণিক তথ্য পেশ করার আনুষ্ঠানিকতা বাদ দিয়ে বিবিধ উদ্দেশ্যে বিদেশি মুদ্রা প্রেরণের উর্ধ্বসীমা ইউএস ডলার ৫০০০ থেকে বাড়িয়ে ২৫০০০ করা হয়েছে যা এখন থেকেই বলবৎ করা হয়েছে।

৩. এটা স্পষ্ট করা হয়েছে যে প্রাধিকৃত ডিলারদের শুধুমাত্র উপরোক্ত সাধারণ চিঠি ছাড়া ফর্ম এ-২ সহ অন্য কোনও দলিল নেওয়ার প্রয়োজন নেই যতক্ষণ পর্যন্ত কারেন্ট একাউন্ট লেনদেন (কারেন্ট একাউন্ট লেনদেন সংক্রান্ত সরকারি বিজ্ঞপ্তির তফসিল ১ এবং ২-এর অন্তর্ভুক্ত নয়)-এর জন্য বিদেশি মুদ্রা কেনা হচ্ছে এবং তার পরিমাণ ইউএসডি ২৫০০০ অথবা তার সমমূল্য অতিক্রম করছে না এবং এই অর্থপ্রদান আবেদনকারীর ব্যাঙ্ক এ্যাকাউন্টের উপর আহত চেক অথবা ডিমান্ড ড্রাফট সহযোগে করা হচ্ছে। এডি ব্যাঙ্কগুলি নকল এ-২ তৈরি করবে যাতে ব্যালান্স অফ পেমেন্ট-এ পরিসংখ্যান পূরণ করার জন্য অর্থপ্রেরণের উদ্দেশ্যের উল্লেখ থাকবে।

৪. প্রাধিকৃত ডিলাররা এই সার্কুলারের বিষয়বস্তু সংশ্লিষ্ট সহযোগীদের নজরে নিয়ে আসতে পারেন।

৫. এই সার্কুলারের অন্তর্গত নির্দেশগুলি বিদেশি মুদ্রা পরিচালন আইন, ১৯৯৯ (১৯৯৯-এর ৪২)-এর ধারা ১০(৪) এবং ১১(১)-এর অধীনে জারি করা হয়েছে যা অন্য কোনও আইনের অধীনে যদি কোনও অনুমতি / অনুমোদন প্রয়োজনীয় হয়, তাকে কোনও ভাবে বিঘ্নিত করবে না।

আপনার বিশ্বস্ত

(রুদ্র নারায়ণ কর)
মুখ্য মহাপ্রবন্ধক